# লক্ষ্মীপুর পৌরসভা কার্যালয়

লক্ষ্মীপুর।

lakshmipurpouroshava@gmail.com

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং লঃ পৌঃ/প্রশাঃ বিঃ/২০২৪/ ২৪০ তারিখঃ ২৭-০২-২০২৪

**লক্ষ্মীপুর পৌরসভার ব্যবস্থাধীন হাট-বাজারের ১৪৩১ বাংলা সনের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

**ইজারা বিজ্ঞপ্তি ১১/২০২৩-২৪খ্রিঃ**

এতাদ্বারা পৌর হাট-বাজার মহালের ইজারা গ্রহনে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাইতেছে যে, লক্ষ্মীপুর পৌরসভার ব্যবস্থাধীন নিম্ন লিখিত শর্ত স্বাপেক্ষে ১লা বৈশাখ' ১৪৩১ বাংলা সন হইতে ৩০শে চৈত্র' ১৪৩১ বাংলা সন পর্যন্ত এক বৎসরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে। এতদ্বসংক্রান্ত যাবতীয় বিবরন শর্তাবলী ও দরপত্র সংক্রান্ত কাগজপত্র (সিডিউল ফরম) আগামী ২০/০৩/২০২৪ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (অফিস চলাকালীন সময় পর্যন্ত) লক্ষ্মীপুর পৌরসভার হিসাব শাখায়, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, লক্ষ্মীপুর ও সহকারী কমিশনার (ভূমি) সদর, লক্ষ্মীপুরের কার্যালয় হইতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র সমূহ আগামী ২১/০৩/২০২৪ইং তারিখ বেলা ১.০০ ঘটিকার মধ্যে পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসক লক্ষ্মীপুর এর কার্যালয়, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, লক্ষ্মীপুর ও সহকারী কমিশনার (ভূমি) কার্যালয় লক্ষ্মীপুরের, রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হইবে এবং উল্লেখিত দিবসে বেলা ৩.০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগনের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) অথবা তাহাদের প্রতিনিধিদের সম্মুখে খোলা হইবে। দরপত্র দাতা ইজারা দর বাবদ উদ্বৃত্ত মূল্যের ৩০% কোন তপছিল ভূক্ত ব্যাংক হইতে সিডিআর/পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট আকারে মেয়র, লক্ষ্মীপুর পৌরসভা বরাবরে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র ফরম বিক্রি করা হইবে না। বিস্তারিত বিবরন, শর্তাবলী ও অন্যান্য বিষয়ে (যদি প্রয়োজন হয়) বাজার শাখা হইতে জানা যাইবে। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র পৌর কর্তৃপক্ষ গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

**নিম্নে হাট-বাজার ইজারা তালিকা প্রদত্ত হইল।**

| ক্রঃ নং | হাট বাজারের নাম | সরকারী মূল্য | সিডিউল মূল্য (টাকা) অফেরৎ যোগ্য |
|---|---|---|---|
| ০১ | মাছ বাজার সমগ্র পৌর এলাকা (জকসীন পশ্চিম বাজার ও মিয়া রাস্তা মাথা বাজার ব্যতিত)। | ২৩,১৮,০০০/- | ৫২০০/- |
| ০২ | তরকারী বাজার সমগ্র পৌর এলাকা (জকসীন পশ্চিম বাজার ও মিয়া রাস্তা মাথা বাজার ব্যতিত)। | ৪,৪৪,০০০/- | ১৫০০/- |
| ০৩ | ট্রাক ও মালবাহী গাড়ী (সমগ্র পৌর এলাকা)। | ১৭,১৪,০০০/- | ৪০০০/- |
| ০৪ | মোরগ বাজার (পৌর বিপনী বিতান সংলগ্নসহ সমগ্র পৌর এলাকা)। | ১,৪৯,০০০/- | ৭০০/- |
| ০৫ | দুধ বাজার (সমগ্র পৌর এলাকা)। | ১,৮৮,৫০০/- | ৭০০/- |
| ০৬ | সুপারী বাজার সমগ্র পৌর এলাকা (জকসীন পশ্চিম বাজার ও মিয়া রাস্তা মাথা ব্যতিত)। | ২,১৮,০০০/- | ১২০০/- |
| ০৭ | চাউল ও মুড়ী বাজার (সমগ্র পৌর এলাকা)। | ১১,৪০০/- | ৫০০/- |
| ০৮ | গোডাউন রোড (মাছ, তরকারী ও সুপারী ব্যতিত)। | ৫২,০০০/- | ৫০০/- |
| ০৯ | চারা ও খড় বাজার (সমগ্র পৌর এলাকা)। | ২৮,০০০/- | ৫০০/- |
| ১০ | মিয়া রাস্তা মাথা বাজার। | ৮২,৪০০/- | ৫০০/- |
| ১১ | জকসীন বাজার (পৌরসভার অংশ)। | ৫,৬১,০০০/- | ১৭০০/- |

উল্লেখ্য যে, ১ম বার টেন্ডারে কাঙ্খিত দর পাওয়া না গেলে ২য় বার ও ৩য় বার পুনঃ টেন্ডারের নিম্নরূপ তারিখ ধার্য্য করা হইল। দরপত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকিবে। প্রকাশ থাকে যে, এ জন্য নতুন কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে না।

**পুনঃ টেন্ডার ২য় বারের তপছিলঃ**

(ক) দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ২৭/০৩/২০২৪ইং বিকাল ৪.০০ ঘটিকা (অফিস চলাকালীন সময়) পর্যন্ত।

(খ) দরপত্র গ্রহনের শেষ তারিখ ২৮/০৩/২০২৪ইং বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত।

**পুনঃ টেন্ডার ৩য় বারের তপছিলঃ**

(ক) দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ০৮/০৪/২০২৪ইং বিকাল ৪.০০ ঘটিকা (অফিস চলাকালীন সময়) পর্যন্ত।

(খ) দরপত্র গ্রহনের শেষ তারিখ ০৯/০৪/২০২৪ইং বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত।

২৭/০২/২০২৪
(মোজাম্মেল হায়দার মাসুম ভূঞা)
মেয়র
লক্ষ্মীপুর পৌরসভা।

স্মারক নং লঃপৌঃ/প্রশাঃ বিঃ/২০২৪/ ২৪০ (৩৭) তারিখ ঃ২৭/০২/২০২৪খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল।

১. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লক্ষ্মীপুর।
৪. উপ পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
৫. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গনপূর্ত/সওজ/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর।
৬. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, লক্ষ্মীপুর।
৭. সহকারী কমিশনার, (ভূমি) সদর, লক্ষ্মীপুর।
৮. জনাব/জনাবা ................................................সম্মানিত কাউন্সিলর (সকল), লক্ষ্মীপুর পৌরসভা।
৯. নির্বাহী প্রকৌশলী, লক্ষ্মীপুর পৌরসভা।
১০. পৌর নির্বাহী কর্মকর্তা, লক্ষ্মীপুর পৌরসভা।
১১. হিসাব রক্ষন কর্মকর্তা, লক্ষ্মীপুর পৌরসভা।
১২. সম্পাদক, জাতীয় " দেশ রুপান্তর " দৈনিক " নতুন চাঁদ ও হ্যাপি টাইমস " পত্রিকায় ,আগামী ২৫/০২/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে ১ (এক) দিন প্রকাশ (সাইজ ৮" x ৩) করার জন্য অনুরোধ করা হইল।
১৩. মেসার্স জাহাঙ্গীর মাইক সার্ভিস, লক্ষ্মীপুর সমগ্র পৌর এলাকায় ০৭/০৩/২০২৪ইং তারিখ মোট ০৮ (আট) ঘন্টা প্রচারের জন্য অনুরোধ করা হইল।
১৪. পৌর ওয়েব সাইট - Lakshmipurpourashava.gov.bd
১৪. অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।

২৭/০২/২৪
(মোজাম্মেল হায়দার মাসুম ভূঞা)
মেয়র
লক্ষ্মীপুর পৌরসভা।